**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 7/29/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল ঘোষণা করেছেন যে ওয়ারেন কাউন্টির অ্যাডিরনড্যাক নর্থওয়ে ব্রিজ প্রতিস্থাপনের জন্য 21.1 মিলিয়ন ডলারের প্রকল্পের কাজ চলছে

***লেক জর্জ শহরের স্টেট রুট 9 এর উপরের এই প্রকল্প গুরুত্বপূর্ণ উত্তর-দক্ষিণ ধমণি বরাবর যাতায়াত উন্নত করবে***

***ছবি পাওয়া যাবে [এখানে]()***

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে ওয়ারেন কাউন্টির লেক জর্জ শহরে মার্কিন রুট 9 এর উপর দিয়ে অ্যাডিরনড্যাক নর্থওয়ে (আন্তঃরাজ্য 87) এর উত্তরমুখী এবং দক্ষিণমুখী লেন বহনকারী সেতুগুলিকে প্রতিস্থাপন করার জন্য 21.1 মিলিয়ন ডলারের প্রকল্পের কাজ চলছে৷ দুই বছরের প্রকল্পটি এক্সিট 22 এবং 23 এর মধ্যে অবস্থিত টুইন স্প্যানগুলিকে একটি একক কাঠামোর দ্বারা প্রতিস্থাপন করবে যা নর্থ কান্ট্রি এবং অ্যাডিরনড্যাক্সে জনগণ ও বাণিজ্যের প্রবাহের জন্য একটি গুরুত্বপূর্ণ ধমনী বরাবর নিরাপত্তা বাড়াবে এবং ভ্রমণ ও স্থিতিস্থাপকতা উন্নত করবে। নতুন সেতুটি দুটি বিদ্যমান সেতুর মধ্যে নির্মিত হবে এবং এর প্রত্যাশিত আয়ুষ্কাল 75 বছর হবে, যা নিশ্চিত করতে সাহায্য করবে যে এই অপরিহার্য উত্তর-দক্ষিণ রুটটি আগামী কয়েক দশকের জন্য উন্মুক্ত এবং অ্যাক্সেসযোগ্য থাকবে।

"আমরা আমাদের পরিকাঠামো পুনর্নির্মাণ এবং আমাদের পরিবহন নেটওয়ার্ক নিরাপদ থাকে তা নিশ্চিত করার বিষয়ে তীক্ষ্ণ নজর রেখেছি - যা আমাদের অর্থনীতিকে চাঙ্গা করতে সাহায্য করবে এবং সম্প্রদায়গুলিকে উন্নতির সুযোগ করে দেয়," **গভর্নর হোকল বলেছেন।** "এই প্রকল্পটি নর্থ কান্ট্রির একটি গুরুত্বপূর্ণ সড়কপথে ভ্রমণের উন্নতি ঘটাবে এবং আগামী কয়েক দশক ধরে নিউ ইয়র্কবাসী, দর্শনার্থী এবং বাণিজ্যকে চলাচল করতে সাহায্য করবে।"

**নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশনের (New York State Department of Transportation) কমিশনার মেরি থেরেসি ডমিনগুয়েজ বলেছেন,** "গভর্নর হোকল নিউ ইয়র্ক জুড়ে পরিকাঠামোতে অভূতপূর্ব বিনিয়োগ করছেন যা জনগণকে একত্রিত করতে এবং অর্থনৈতিক প্রবৃদ্ধিকে ত্বরান্বিত করতে সহায়তা করবে যা আমাদের সম্প্রদায়গুলিকে সমৃদ্ধ হতে দেবে৷ নর্থওয়ে হল একটি অর্থনৈতিক ইঞ্জিন যা নর্থ কান্ট্রি, রাজধানী অঞ্চল এবং তার

বাইরেও বাণিজ্য চলিত করতে সাহায্য করে, তাই এটা অপরিহার্য যে এই গুরুত্বপূর্ণ সড়ক পথটি 21 শতকের চ্যালেঞ্জগুলির মোকাবেলা করতে প্রস্তুত তা নিশ্চিত করার জন্য আমরা যথাসাধ্য করি, যাতে মানুষ এবং পণ্যগুলি যেখানে যাওয়া দরকার সেখানে নিরাপদে এবং দক্ষতার সাথে যেতে পারে।"

লেক জর্জ এবং ওয়ারেনসবার্গের মধ্যবর্তী নর্থওয়ের অংশ, সেই সাথে মার্কিন রুট 9 হল নর্থ কান্ট্রি এবং অ্যাডিরনড্যাক্সের মধ্যে ভ্রমণের জন্য গুরুত্বপূর্ণ করিডোরসমূহ। এই নতুন সেতুটি ওয়ারেন কাউন্টি এবং আশেপাশের সম্প্রদায়গুলির মধ্যে স্থানীয় বাসিন্দা, দর্শনার্থী এবং ব্যবসাগুলির জন্য ভ্রমণে সুবিধা করতে সাহায্য করবে৷ আরও দূরে, নর্থওয়ে কানাডার সাথে একটি অত্যাবশ্যক আন্তর্জাতিক সংযোগ এবং তা আন্তঃরাজ্য এবং আন্তঃ-আঞ্চলিক ট্রাফিককেও পরিষেবা প্রদান করে।

নতুন সেতুটি একটি কংক্রিটের ডেক সহ 323-ফুট দীর্ঘ, দুটি স্প্যান সম্বলিত, স্টিলের মাল্টি-গার্ডার সেতু হবে। মার্কিন রুট 9 থেকে এর ন্যূনতম 49-ফুট-6 ইঞ্চি উল্লম্ব ব্যবধান থাকবে।

বিদ্যমান কাঠামোগুলির মধ্যে নতুন সেতুটির নির্মাণ প্রকল্পের বেশিরভাগ সময় প্রতিটি দিকের তিনটি ভ্রমণের লেনের মধ্যে দুটিকে রক্ষণাবেক্ষণ করতে দেবে, যদিও অতিরিক্ত, পর্যায়ক্রমিক লেনের হ্রাসকরণ প্রয়োজন হতে পারে। 2023 সালের বসন্তে, উত্তরমুখী ট্র্যাফিক নতুন কাঠামোতে স্থানান্তরিত হবে এবং বিদ্যমান উত্তরমুখী সেতুটি ভেঙে ফেলা হবে যাতে নতুন সেতুর অবশিষ্টাংশ সেই পদচিহ্নে নির্মিত হতে পারে। 2024 সালের গ্রীষ্মে প্রকল্পের সমাপ্তিতে দক্ষিণমুখী নর্থওয়ে ট্র্যাফিক তারপরে নতুন সেতুতে স্থানান্তরিত হবে।

নর্থওয়েতে কাজ চলাকালীন, কাজের অঞ্চলের কাছে মধ্যে তার মধ্যে আন্তঃরাজ্যের গতিসীমা কমিয়ে 55 মাইল প্রতি ঘণ্টায় করা হয়েছে, এবং মোটর চালকদের সরে যেতে, তাড়াতাড়ি একত্রিত হতে, ধীর গতিতে এবং দায়িত্বের সাথে গাড়ি চালানোর জন্য অনুরোধ করা হয়েছে। কাজের অঞ্চলে গতিসীমা অতিক্রম করলে তার জরিমানা দ্বিগুণ হয়। কোনো ওয়ার্ক জোনে দুই বা ততোধিক বার মাত্রাতিরিক্ত গতিতে গাড়ি চালানোর জন্য দোষী সাব্যস্ত হওয়া একজন ব্যক্তির ড্রাইভিং লাইসেন্স স্থগিত করা হতে পারে।

সেতুগুলির নীচে মার্কিন রুট 9-এর ট্র্যাফিকও ট্র্যাফিক সিগন্যাল দ্বারা নিয়ন্ত্রিত একটি একক পরিবর্তনকারী লেনে হ্রাস করা হয়েছে।

**স্টেট সিনেটর ড্যান স্টেক বলেছেন,** "রুট 9 এর উপর দিয়ে অ্যাডিরনড্যাক নর্থওয়ের সেতুগুলি প্রতিস্থাপন করার পরিকল্পনা একটি অপরিহার্য প্রকল্প। লেক জর্জ এলাকাটি আমাদের অঞ্চলের জন্য একটি প্রধান পর্যটনের আকর্ষণ এবং অর্থনৈতিক ইঞ্জিন এবং এখানে ভ্রমণ নিরাপদ এবং অ্যাক্সেসযোগ্য তা নিশ্চিত করার জন্য অপরিহার্য। এর পরিকাঠামোকে সমর্থন করা এবং সেতুগুলি প্রতিস্থাপন করা স্থানীয়দের এবং দর্শনার্থীদের আমাদের সম্প্রদায়গুলিতে আসা সহজ করে তুলবে এবং আমাদের অঞ্চলের যেসব সমস্ত সুবিধা প্রদান করার আছে তা গ্রহণ করতে দেবে।"

**সংসদ সদস্য ম্যাথিউ সিম্পসন বলেন,** "লেক জর্জ শহরের রুট 9 এর উপর নর্থওয়ে ব্রীজগুলির প্রতিস্থাপন একটি স্বাগত প্রকল্প যা আমাদের বাসিন্দাদের এবং নর্থ কান্ট্রির বহু দর্শনার্থীদের নিরাপত্তাকে বৃহৎভাবে উন্নত করবে বহু বছর ধরে। প্রভাবিত এলাকাটি বহু বছর ধরে অনেক দুর্ঘটনা দেখেছে এবং এর প্রতিস্থাপন হতে দেখে উচ্ছাসিত।"

মোটরচালকদের মনে করিয়ে দেওয়া হচ্ছে যে, যখনই কাজের জোনে রক্ষণাবেক্ষণ বা নির্মাণ যানবাহনসহ রাস্তার পাশে যেকোনও যানবাহনকে লাল, সাদা, নীল, কমলা বা সবুজ আলো জ্বালাতে দেখবেন, তখন যদি নিরাপদে সম্ভব হয় তাহলে এক লেন সরে যান বা উল্লেখযোগ্য পরিমাণ গতি কমিয়ে দিন।

হালনাগাদকৃত ভ্রমণের তথ্যের জন্য কল করুন 511 নম্বরে, www.511NY.org এ যান অথবা বিনামূল্যের 511NY মোবাইল অ্যাপ ডাউনলোড করুন।

টুইটারে (Twitter) নিউ ইয়র্ক স্টেট DOT অনুসরণ করুন: @NYSDOT। ফেসবুকে আমাদের খুঁজে পাবেন এই ঠিকানায় facebook.com/NYSDOT। নিউ ইয়র্ক স্টেট DOT অঞ্চল 1 (ক্যাপিটাল রিজিয়ন) এর টুইটের জন্য @NYSDOTAlbany ফলো করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418